**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:30-06–2024**
**Time: 07.35–07 .40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Congratulations :**

দক্ষিণ আফ্রিকাকে ৭ রানে হারিয়ে ভারত গতকাল ১৭ বছর পর টি–২০ বিশ্বকাপ ক্রিকেটে বিশ্ব চ্যাম্পিয়ান হয়েছে। গতকাল রাতে বার্বাডোজে দক্ষিণ আফ্রিকাকে পরজিত করে ভারত। প্রথমে ব্যত করে ভারত নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১৭৬ রান করে। বিরাট কোহলি ৭৬ রান করে।

টি–২০ বিশ্বকাপ ক্রিকেটে ভারত চ্যাম্পিয়ান হওয়ায় রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী সহ বিশিষ্টজনের ভারতীয় দলকে অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতীয় দলকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, এক কঠিন পরিস্থিতিতে দলকে জয়ের দোরগোড়ায় নিয়ে গেছে ভারতীয় দল। এটা একটা ফাইনাল ম্যাচে অবিস্মরনীয় জয়। খুব ভালো কাজ করেছে টিম ইন্ডিয়া। আমরা তাদের জন্য গর্বিত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় দলকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, এই জয় এক ঐতিহাস্দিক জয়। আমরা ভারতীয় দলের জন্য গর্বিত। তারা নিজেদের স্টাইলেই বিশ্বকাপ ভারতের ঘরে নিয়ে এসেছে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এক বার্তায় ভারতীয় দলকে অভিনন্দন জানান। তিনি বলেন, এটা আমাদের জাতির জন্য এক গৌরব

উজ্জ্বল মুহূর্ত। আমাদের খেলোয়াড়রা দুর্দান্ত পারফরমেন্স দেখিয়েছে গোটা বিশ্বকাপ জুড়ে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল টি-২০ বিশ্বকাপ জয়ের জন্য ভারতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। তিনি এক বার্তায় এই জয়কে ঐতিহাসিক বলেছেন।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নিজের সামাজিক মাধ্যমে ভারতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন।

*****************************

**Newly Enacted Laws :**

ভারতীয় ন্যায় সংহিতা-২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা-২০২৩, ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম-২০২৩ নামে তিনটি নতুন আইন আগামীকাল থেকে সারা দেশে কার্যকরী হবে। নতুন এই আইনের লক্ষ্য হচ্ছে দেশের ফৌজদারি বিচার ব্যবস্থার আধুনিকীকরণ, বিচার প্রক্রিয়াকে ত্বরান্বিত করা এবং ক্ষতিগ্রস্তদের সুরক্ষা নিশ্চিত করা। স্বরাষ্ট্র সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, নতুন আইনে নারী শিশু সহ সর্বস্তরের জনগণের বিরুদ্ধে সংগঠিত অপরাধ দূরীকরণকে অগ্রাধিকার দিয়ে ফৌজদারি বিচারের সংস্কার সাধন করা হয়েছে। ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় দন্ডবিধি - ১৮৬০কে প্রতিস্থাপিত করেছে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, ফৌজদারি কার্যবিধি-১৯৭৩ এর প্রতিস্থাপন করে এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম, ভারতীয় সাক্ষ্য আইন-১৮৭২ এর পরিবর্তে প্রতিস্থাপিত হচ্ছে।

************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদি তৃতীয়বার দায়িত্ব নেবার পর আজ তার প্রথম মন-কি-বাত অনুষ্ঠান। মন-কি-বাত এর এই ১১১তম পর্ব আজ সকাল ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে এবং ইউটিউব চ্যানেলে সম্প্রচার করা হবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর বাংলা ও ককবরক ভাষার অনুবাদ শোনা যাবে। আঞ্চলিক ভাষার অনুষ্ঠানগুলি রাত ৮টায় পুন: প্রচারিত হবে।

**************************

**Medical seats C.M :**

ন্যাশনাল মেডিক্যাল কমিশন আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে এম বি বিএস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির অনুমোদন দিয়েছে। এরফলে আসন সংখ্যা ১০০ থেকে বেড়ে দাঁড়ালো ১৫০। মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, মেডিক্যাল আসন সংখ্যা বৃদ্ধির এই সিদ্ধান্তে, ভবিষ্যতে রাজ্যে স্বাস্থ্য পরিসেবার সুযোগ আরও বাড়বে।

এদিকে, রাজ্যের মেডিক্যাল শিক্ষা অধিকর্তা ডাঃ এইচ পি শর্মা আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, চলতি শিক্ষা বর্ষ থেকেই এজিএমসি-তে এই ১৫০ আসনে ভর্তি প্রক্রিয়া ও ক্লাস শুরু করা হবে।

*******************************

**C.M Kharchi Festival :**

আগামী ১৪ই জুলাই থেকে শুরু হবে রাজ্যের ঐতিহ্য মন্ডিত খার্চি উৎসব। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে জানানো হয়েছে, খার্চি পূজা ১৪ই জুলাই রবিবার সাপ্তাহিক ছুটি হওয়ায়, রাজ্যের অগনিত পূন্যার্থীদের কথা বিবেচনা রেখে উৎসবের শেষ দিন অর্থাৎ আগামী ২০শে জুলাই শনিবার সরকারী ছুটি ঘোষণা করা হয়েছে।

*************************

**Administrative Meeting-sabroom :**

চিনি পাচার বাণিজ্য বন্ধ করতে গোটা দক্ষিণ জেলার সীমান্ত এলাকায় জেলা শাসকের জারি করা ১৪৪ ধারা মেনে চলা, চিনি ও মাদকদ্রব্য পাচার বন্ধ করার বিষয়ে গতকাল সাব্রুম নগর পঞ্চায়েতের কনফারেন্স হলে মহকুমা শাসক শিবজ্যোতি দত্তের সভাপতিত্বে এক প্রশাসনিক সভা অনুষ্ঠিত হয়।

সভায় মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, বিএসএফ ১০৯ বাহিনীর ডেপুটি কামাডান্ট মানজিত সিং, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় কিভাবে চিনি পাচার রোধ করা যায় সে বিষয়ে সার্বিক মতামত প্রদান করেন আধিকারিকরা। সাব্রুম মহকুমার বিভিন্ন বাজারের মার্চেন্ট অ্যাসোসিয়েশনের কর্মকর্তাগণও তাদের অভিমত ব্যক্ত করেন।

******************************

**Dental Treatment :**

আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ এন্ড আই জি এম হাসপাতালে অত্যন্ত আধুনিক লেজার ব্যবহারের মাধ্যমে অস্ত্রোপচার শুরু হয়েছে। গত শুক্রবার প্রথমবারের মতো এই

অস্ত্রোপচার সম্পন্ন হল।বর্তমানে আধুনিক ব্যবস্থাপনায় এই সার্জারি একধাপ উন্নত পদ্ধতি। এটি অত্যাধুনিক অস্ত্রোপচারের যন্ত্রপাতিদের মধ্যে অন্যতম। এর সুবিধা হল, এর ফলে অপেক্ষাকৃত কম রক্তক্ষরণ, কম সময়ে অস্ত্রোপচার হয়। এটি সেলাই বিহীন, অস্ত্রোপচারের পর কম ব্যথা হয়, ফোলা ও কম থাকে এবং দ্রুত ক্ষত নিরাময় ঘটে। এছাড়া এটি চিরাচরিত প্রথার চেয়েও অত্যন্ত নিরাপদ, কার্যকর ও স্বাচ্ছন্দ্যদায়ক অস্ত্রোপচার।

***************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পুর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র সহ দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ১.৪ মিলিমিটার। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বচ্চর তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি।

***************************